

Meeting between External Affairs Minister and Secretary General of the Gulf Cooperation Council (GCC), H.E. Dr. NayefFalah Mubarak Al-Hajraf

November 10, 2021

বিদেশ মন্ত্রী এবং গালফ কোঅপারেশন কাউন্সিল(জিসিসি)-র মহা সচিব হিজ এম্বেলেম্শি ডঃ নায়েফ ফালাহ মুবারক আল-হজরফের মধ্যে বৈঠক

নভেম্বর 10, 2021

আজ নিউ দিল্লিতে বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শংকর গালফ কোঅপারেশন কাউন্সিল(জিসিসি)-র মহা সচিব হিজ এম্বেলেম্শি ডঃ নায়েফ ফালাহ মুবারক আল-হজরফের সাথে বৈঠক করেছেন। 10 -11 নভেম্বর 2021-এ জিসিসির মহা সচিব এই প্রথমবার ভারতে সরকারি সফর করছেন। উভয় নেতা ভারত-জিসিসির ঐতিহাসিক এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্কে স্মরণ করেছেন যেটির বলিষ্ঠ অগ্রগতি সাম্প্রতিক বছরগুলিতে পরিলক্ষিত হয়েছে। তারা ভারত- জিসিসির সম্পর্কের বিস্তারিত পর্যালোচনা করেছেন এবং সেগুলিকে আরও শক্তিশালী করার উপায়গুলি নিয়ে আলোচনা করেছেন। জিসিসির মহা সচিব গালফ দেশগুলিতে ভারতীয় সম্প্রদায়ের অবদানের উচ্ছসিত প্রশংসা করেছেন এবং বলেছেন যে, অর্থনৈতিক অগ্রগতিতে জিসিসি ভারতের অংশীদার হতে চায়।

2. বিদেশমন্ত্রী, কোভিড-19 মহামারির কালে তাদের দেশে বিশাল সংখ্যক ভারতীয় অভিবাসীদের যত্ন নেবার জন্য এবং 2021-এর এপ্রিল-মে মাসে করোনার দ্বিতীয় ঢেউয়ের সময়ে ভারতে চিকিৎসা সহযোগিতা দেবার জন্য জিসিসির দেশগুলিকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন। বিদেশ মন্ত্রী মহা সচিবকে ভারতের টিকাকরণ কর্মকান্ডের অগ্রগতি সম্পর্কেও জানিয়েছেন। উভয় নেতা মহামারির কারণে অভূতপূর্ব চ্যালেঞ্জকে সামলানোর জন্য ভারত-জিসিসির সহযোগিতাতে সন্তোষ প্রকাশ করেছেন। বিদেশমন্ত্রী ভারত থেকে বিমান ভ্রমণ এবং টিকা শংসাপত্রের পারস্পরিক স্বীকৃতির উপর জিসিসির দেশগুলির বিধিনিষেধ আরও সহজ হবে বলে আশা প্রকাশ করেছেন।

3. উভয় নেতা ভারত এবং জিসিসির মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক নিয়ে আলোচনা

করেছেন। কোভিড লকডাউনের সময়ও ভারত এবং জিসিসির মধ্যে অপরিহার্য বাণিজ্য অব্যাহত থাকায় তারা সন্তোষ প্রকাশ করেছেন। উভয় পক্ষই শক্তি নিরাপত্তা, খাদ্য নিরাপত্তা এবং স্বাস্থ্য পরিচর্যার ক্ষেত্রগুলি সহ সরবরাহ শৃঙ্খল আরও সুরক্ষিত করার প্রয়োজনীয়তার বিষয়ে সন্মত হয়েছেন। বিদেশ মন্ত্রী, জিসিসি দেশগুলিতে সার্বভৌম সম্পদ তহবিল সহ এফডিআই-এর গন্তব্য হিসাবে ভারতের আকর্ষণীয়তাকে তুলে ধরেছেন।

4. বিদেশ মন্ত্রী এবং জিসিসির মহাসচিব পারস্পরিক উদ্বেগের আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়গুলিকে নিয়ে মত বিনিময় করেছেন। বিদেশ মন্ত্রী মহা সচিবকে এই অঞ্চলের স্থায়িত্ব এবং সমৃদ্ধির প্রচারে জিসিসির গঠন মূলক ভূমিকা পালনে অভিনন্দন জানিয়েছেন। উভয় পক্ষ অতি শীঘ্র এক তারিখে পরবর্তী ভারত-জিসিসি ট্রেকা রাজনৈতিক আলোচনা আহবান করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছেন। শেষ দফার আলোচনাটি নভেম্বর 2020-তে ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়েছিল। উভয় পক্ষই আগামী কয়েক মাসের মধ্যে একটি মৌ স্বাক্ষরের মাধ্যমে বিদেশমন্ত্রী এবং জিসিসি ট্রেকার মধ্যে বার্ষিক বৈঠকগুলিকে আরও প্রাতিষ্ঠানিক রূপ দিতে সন্মত হয়েছে।

5. হিজ এক্সেলেন্সি ডঃ নায়েফ ফালাহ মুবারক আল-হজরফ 11ই নভেম্বর 2021 -এ বাণিজ্য এবং শিল্পমন্ত্রী শ্রী পীযুষ গয়ালের সাথেও আলোচনা করবেন।

নিউ দিল্লি

নভেম্বর 10, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.